৮৮

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
(www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং- ৫২৯ -এ, তারিখঃ ১৬/১০/২০২৫ খ্রি.

বিষয়ঃ **১৯ অক্টোবর, ২০২৫ খ্রি. রোজ রবিবার বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতিসহ বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দের সাথে বিজ্ঞ আইনজীবীগণের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মূল ভবনস্থ সোনালী ব্যাংকের গেইটটিকে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানে প্রবেশ পথ এবং উত্তর ও দক্ষিন পাশের গেইট দুটিকে প্রস্থানের পথ হিসেবে ব্যবহার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের চলমান অবকাশকালীন ছুটির পর প্রথম কার্যদিবস আগামী ১৯ অক্টোবর, ২০২৫ খ্রি. রোজ রবিবার সকাল ১১.৩০ ঘটিকা থেকে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত 'বাংলাদেশ সুপ্রীম কোর্ট ইনার কোর্ট ইয়ার্ড' (সুপ্রীম কোর্ট মূল ভবন সংলগ্ন বাগান)-এ বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ও সম্পাদক এবং বিজ্ঞ আইনজীবীগণের সাথে সৌজন্য সাক্ষাৎ-এ মিলিত হবেন। বাংলাদেশ সুপ্রীম কোর্টের মূল ভবনস্থ সোনালী ব্যাংকের গেইটটিকে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানে প্রবেশ পথ এবং উত্তর ও দক্ষিন পাশের গেইট দুটিকে প্রস্থানের পথ হিসেবে নির্ধারণ করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত অনুষ্ঠানে যোগদানের লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মূল ভবনস্থ সোনালী ব্যাংকের গেইটটিকে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানে প্রবেশ পথ এবং উত্তর ও দক্ষিন পাশের গেইট দুটিকে প্রস্থানের পথ হিসেবে বিজ্ঞ আইনজীবীগণ কর্তৃক ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২২২৩৩৮১৮৬৫
E-mail: aticklaw@gmail.com

স্মারক নং- ১ই-৮১/১৯৯১(অংশ-১)- ৯৪৬৭ (১-৫) এ, তারিখঃ ১৬/১০/২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
৩. সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
৪. কোর্ট অফিসার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. কোর্ট অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. অফিস কপি।

(আশফাক আহমেদ) ১৬/১০/২৫
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৫১৭১৬

58 D:\Justice Get Togather After vacation\Get togather 2025\Get togather Letter .doc

গ্রহণ করা হইল
তাং 16 OCT 2025
অনয় হাসান
আদান-প্রদান শাখা।

Scanned with CamScanner

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**
**(প্রশাসন শাখা)**

স্মারক নং:

তারিখ: ১২ অক্টোবর ২০২৫ খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি ও উভয় বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দের সাথে বিজ্ঞ আইনজীবীদের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানে অনুসরণীয় নির্দেশনা।**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের অবকাশকালীন ছুটি শেষে আগামী ১৯ অক্টোবর ২০২৫ তারিখে কোর্ট খোলার প্রথম দিন মাননীয় প্রধান বিচারপতি ও উভয় বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দের সাথে বিজ্ঞ আইনজীবীদের সৌজন্য সাক্ষাতমূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ইনার গার্ডেনে উক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানটি সুষ্ঠু, নিরাপদ ও সৌহার্দ্যপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিজ্ঞ আইনজীবীগণের অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো—

**১. অনুষ্ঠানস্থলে প্রবেশ ও বহির্গমন সংক্রান্তঃ**

- বিজ্ঞ আইনজীবীবৃন্দ শুধুমাত্র সোনালী ব্যাংক গেইট দিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করবেন।
- প্রবেশ পথে আর্চওয়ে ও নিরাপত্তা চেকপয়েন্ট থাকবে।অনুগ্রহ করে নিরাপত্তাকর্মীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। প্রয়োজনে পরিচয়পত্র প্রদর্শনের অনুরোধ জানানো হতে পারে, তাই অনুগ্রহপূর্বক পরিচয়পত্র সঙ্গে রাখবেন।
- সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির তালিকাভুক্ত নন এমন কেউ অনুষ্ঠানস্থলে প্রবেশ করবেন না। এই বিষয়ে সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সর্বাত্মক সহযোগিতা কামনা করা হচ্ছে।
- অনুষ্ঠানস্থল থেকে বের হওয়ার জন্য মূল ভবনের ২, ৩ ও ৫ নং গেইট ব্যবহার করবেন। সোনালী ব্যাংক গেইট শুধুমাত্র প্রবেশের জন্য ব্যবহারযোগ্য থাকবে।
- অনুষ্ঠানস্থলে প্রবেশ, অবস্থান ও প্রস্থানের সময় শান্ত, শৃঙ্খলাপূর্ণ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার অনুরোধ রইল।

**২. নিরাপত্তা সংক্রান্তঃ**

- অনুষ্ঠানস্থলে ধাতব বা দাহ্য পদার্থ, দিয়াশলাই, লাইটার, আগ্নেয়াস্ত্র কিংবা অন্য কোনো বিপজ্জনক বস্তু আনা নিষিদ্ধ।
- নিরাপত্তা বাহিনীর পরামর্শ ও দিকনির্দেশনা মেনে চলবেন এবং কোনো সন্দেহজনক বিষয় পরিলক্ষিত হলে দ্রুত অবহিত করবেন।

**৩. অনুষ্ঠানস্থলে আচরণবিধিঃ**

- মাননীয় প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতিবৃন্দের সাথে সাক্ষাতের সময় ভীড় না করার অনুরোধ রইল। সৌজন্য বিনিময়ের সময় সংক্ষিপ্ত হওয়া কাম্য।
- মাননীয় বিচারপতি মহোদয়গণের সাথে মোবাইল ফোনে সেলফি তোলা এবং সোশাল মিডিয়ায় লাইভ স্ট্রিমিং করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ জানানো হলো।
- অনুষ্ঠানে কলার ব্যান্ডসহ আবশ্যিকভাবে কোর্ট ড্রেস পরে আসতে হবে।

Scanned with CamScanner

- অনুষ্ঠানস্থলের পরিবেশ সুন্দর রাখতে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখবেন এবং বর্জ্য নির্ধারিত স্থানে ফেলবেন।

**৪. খাবার পরিবেশন সংক্রান্তঃ**

- অনুষ্ঠানে ১০ (দশ) টি ফুড স্টেশন থাকবে, যেখান থেকে বিজ্ঞ আইনজীবীবৃন্দ স্বাচ্ছন্দ্যে খাবার গ্রহণ করতে পারবেন।
- সবার সুবিধার্থে অনুগ্রহ করে সারিবদ্ধভাবে খাবার গ্রহণ করবেন, যাতে পরিবেশটি শৃঙ্খলাপূর্ণ ও আরামদায়ক থাকে।
- ফুড স্টেশনে খাবার রিফিল করতে সামান্য সময় লাগলে ধৈর্য ধারণের অনুরোধ রইল।
- অনুষ্ঠানস্থলের সৌন্দর্য্য বজায় রাখতে ব্যবহৃত প্লেট ও গ্লাস নির্ধারিত স্থানে রাখবেন।

**৫. চিকিৎসা ও জরুরি সহায়তাঃ**

- অনুষ্ঠানস্থলে একটি মেডিকেল টিম সার্বক্ষণিকভাবে উপস্থিত থাকবে।
- কোনো অনাকাঙ্ক্ষিত শারীরিক অসুবিধা বা দুর্ঘটনার ক্ষেত্রে নিকটস্থ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা নিরাপত্তাকর্মীকে অবহিত করলে তাৎক্ষণিক সহায়তা প্রদান করা হবে।

**৬. অতিরিক্ত নির্দেশনাঃ**

- অনুষ্ঠানস্থলে ধূমপান সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
- অনুষ্ঠানে আগত অতিথিদের গাড়ী পার্কিং ঈদগাহ মাঠে হবে।
- অনুষ্ঠান সম্পর্কিত ঘোষণাসমূহ সাউন্ড সিস্টেমে প্রচারিত দিকনির্দেশনা অনুযায়ী অনুসরণ করবেন।

সকলের সহযোগিতায় অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে।

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

স্মারক নং ৭৪৮৮(১–৩) তারিখঃ 16 OCT 2025

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল, ঢাকা, বাংলাদেশ।
২. সভাপতি, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৩. সম্পাদক, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।

১৬.১০.২৫
এস.এম. সাদাকাত মাহমুদ
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)(ভারঃ)

ইস্যু করা হইল
স্বাক্ষর
তাং 16 OCT 2025
জনাব হাসান
আদান-প্রদান শাখা।